গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : **'রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত এলাকায় সংযোগ সড়কসহ আর.সি.সি.গার্ডার ব্রীজ নির্মাণ শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি	:	এ কে এম শামিমুল হক ছিদ্দিকী সচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
সভার তারিখ	:	০৮/০৯/২০২৪ খ্রি.।
সভার সময়	:	বেলা ১১:৩০ টা
স্থান	:	সভাকক্ষ (ভবন নং-৪, কক্ষ নং-৬১৯), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং জুম প্ল্যাটফর্ম।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'-তে প্রদর্শিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত এলাকায় সংযোগ সড়কসহ আর.সি.সি.গার্ডার ব্রীজ নির্মাণ' শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে।

০২) অতঃপর অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্প পরিচালককে প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি, অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অর্জন সংক্রান্ত তথ্য সংক্ষেপে পাওয়ার পয়েন্টে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। প্রকল্প পরিচালক পাওয়ার পয়েন্টে প্রেজেন্টেশনের মাধ্যমে সভাকে জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত এলাকায় সংযোগ সড়ক সহ আর.সি.সি.গার্ডার ব্রীজ নির্মাণ শীর্ষক প্রকল্পটি ৪৪২১.৯৪ লক্ষ টাকা (জিওবি-৪৪২১.৯৪) প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয়।

০৩) প্রকল্প পরিচালক সভাকে আরও অবহিত করেন যে, ২০২৪-২০২৫ অর্থবছরে এডিপিতে এ প্রকল্পের অনুকূলে ১০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে ৩১ আগস্ট, ২০২৪ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতির হার যথাক্রমে আর্থিক ০.০০% ও বাস্তব ১০% এবং প্রকল্পের শুরু হতে ৩১ আগস্ট, ২০২৪ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতির হার যথাক্রমে আর্থিক ০৫.৬৫% (২৫০.০০ লক্ষ) ও বাস্তব ১৯%। অতঃপর অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্পের আওতায় নির্মিতব্য ব্রিজগুলোর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। প্রকল্প পরিচালক জানান যে, ০৬টি ব্রিজের ০৪টি ব্রিজের পাইলিং এর কাজ শেষ হয়েছে এবং ২টি ব্রিজের বেইজ ঢালাইয়ের কাজ চলমান রয়েছে। বর্তমানে কাপ্তাই লেকের পানি বৃদ্ধিজনিত কারণে কাজ বন্ধ রয়েছে। অতঃপর অতিরিক্ত সচিব (উন্নয়ন) ব্রিজের দৈর্ঘ্য সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, প্রতিটি ব্রিজের দৈর্ঘ্য ৬০-৮০মিটার এবং প্রস্থ ৫.৫ মিটার। অতঃপর অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, ব্রিজ তৈরির সময় অবশ্যই স্বাভাবিক পানি প্রবাহ ঠিক রাখতে হবে। তিনি আরও বলেন, উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলাকালে বিনা কারণে কোনোভাবেই পাহাড় কাটা যাবে না; সভায় অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্পের সকল টেন্ডার হয়েছে কিনা তা জানতে চান। প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের সকল টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং প্রতিটি ব্রিজের কার্যক্রম সম্পন্ন করার জন্য পৃথকভাবে ৬ জন ঠিকাদার নির্বাচিত হয়েছে। তিনি আরও জানান, ঠিকাদার পৃথক হওয়ায় প্রকল্পের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা যাবে এবং চলতি অর্থবছরের আরএডিপি-তে বরাদ্দ বেশি প্রয়োজন হবে। অতঃপর অতিরিক্ত সচিব

Scanned with CamScanner CamScanner

(উন্নয়ন) বলেন, প্রকল্পের বাস্তবায়ন অগগ্রতির উপর নির্ভর করে চলতি অর্থবছরের আরএডিপি-তে প্রকল্পের অনুকূলে বরাদ্দ বৃদ্ধির বিষয়ে বিবেচনা করা হবে।

০৪) সভায় বিস্তারিত অলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়:

৪.১) প্রকল্পের অনুমোদিত মেয়াদ ও প্রাক্কলিত ব্যয়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তকরণের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে;

৪.২) উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন চলাকালে প্রাকৃতিক সৌন্দর্য অক্ষুন্ন রেখে কার্যক্রম পরিচালনা করতে হবে এবং বিনা কারণে কোনোভাবেই পাহাড় কাটা যাবে না;

৪.৩) প্রকল্পের কাজের গুনগত মান বজায় রেখে ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে ;

৪.৪) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে অতিরিক্ত যে পরিমাণ বরাদ্দ প্রয়োজন তা আরএডিপি-তে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে; এবং

৪.৫) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২৪-২৫ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে ও নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদিত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন বাজেট/ প্রশাসন-২ শাখায় ও পরিকল্পনা- ২ শাখায় অনুলিপি প্রদান করতে হবে।

০৫) সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এ কে এম শামিমুল হক ছিদ্দিকী)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

স্বাক্ষরিত/-
২৬/০৯/২০২৪খ্রি:
(এ কে এম শামিমুল হক ছিদ্দিকী)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২২৬.১৪.০৫৬.২৪- ১১৮

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ / ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ

১) সদস্য, কার্যক্রম বিভাগ এর দপ্তর, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ এর দপ্তর, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এর দপ্তর, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৫) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) যুগ্ম সচিব, উন্নয়ন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Scanned with CamScanner

৪.২) [illegible]
৪.৩ [illegible]

৯) ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
১০) যুগ্ম-প্রধান, একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১১) উপসচিব (পরিকল্পনা-২)/(প্রশাসন-১)/(বাজেট/প্রশাসন-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, উপদেষ্টা মহোদয়ের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, 'রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত এলাকায় সংযোগ সড়কসহ আর.সি.সি.গার্ডার ব্রীজ নির্মাণ শীর্ষক প্রকল্পের প্রকল্প, রাংগামাটি।
১৫। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬) সমন্বয় কর্মকর্তা, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।

০৫/০২/২৪

(জেসমিন আক্তার)
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৭১১৮
ই-মেইল: dsplanning2@mochta.gov.bd

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলা সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ (২য় সংশোধনী)' শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (PSC) ৯ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	এ কে এম শামিমুল হক ছিদ্দিকী সচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
সভার তারিখ	:	১০/০৯/২০২৪ খ্রি.
সভার সময়	:	বেলা ০২:০০ টা
স্থান	:	সভাকক্ষ (ভবন নং-৪, কক্ষ নং-৬১৯), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং জুম প্ল্যাটফর্ম।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'-তে প্রদর্শিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা-২) আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০২। এ পর্যায়ে প্রকল্প পরিচালক প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি, প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়াদি সংক্ষেপে পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলা সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ' শীর্ষক প্রকল্পটি ৪৭৯০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধনী ৬৪৪৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৪ মেয়াদে অনুমোদিত হয়। অতঃপর পরিকল্পনা কমিশন হতে গত ২৩/০৫/২০২৪ তারিখ প্রকল্পটির ২য় সংশোধনের আদেশ জারি করা হয়েছে। সংশোধিত প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পেয়ে ৭৪০৪.০০ লক্ষ টাকা এবং মেয়াদ ০১ বছর বৃদ্ধি পেয়ে প্রকল্পটির মেয়াদ জুন, ২০২৫ পর্যন্ত অনুমোদিত হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের উদ্দেশ্য হলো: ক) প্রকল্প এলাকার পল্লী সড়ক উন্নয়নের মাধ্যমে কৃষি/অকৃষি অর্থনীতির সঞ্চালন, খ) গ্রামীণ জনগণের জন্য গ্রাম, বাজার, স্বাস্থ্যকেন্দ্র, শিক্ষা-প্রতিষ্ঠান ও অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠানে যাতায়ত সুবিধা বৃদ্ধির মাধ্যমে জীবন যাত্রার মানোন্নয়ন, গ) স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নের সুযোগ সৃষ্টি করা।

০৩। প্রকল্প পরিচালক সভাকে আরো অবহিত করেন ২০২৪-২০২৫ অর্থবছরে এডিপিতে এ প্রকল্পের অনুকূলে মাত্র ২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পটি ২০২৪-২০২৫ অর্থবছরের সমাপ্ত তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে এবং প্রকল্পের কাজ নির্ধারিত জুন ২০২৫ মেয়াদে সমাপ্তকরণে অতিরিক্ত ১০৮০.৬০ লক্ষ বরাদ্দ প্রয়োজন। Zoom platform এ সংযুক্ত পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের যুগ্মপ্রধান বলেন, প্রকল্পটি যেহেতু ২০২৪-২০২৫ অর্থবছরের সমাপ্ত প্রকল্পের তালিকায় রয়েছে সেহেতু প্রকল্পের অবশিষ্ট অর্থ বরাদ্দের প্রস্তাব করা হলে অর্থ বরাদ্দ পেতে সমস্যা হবে না। অতিরিক্ত সচিব (উন্নয়ন) নির্ধারিত মেয়াদে প্রকল্পটি সমাপ্তকরণের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্পের বাস্তব অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালকের নিকট জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, ৩১ আগস্ট ২০২৪ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৮৮.০৯%। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, প্রকল্পের কতগুলো প্যাকেজে কাজ চলছে এবং কতগুলো প্যাকেজ সমাপ্ত হয়েছে? প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের ১৭টি প্যাকেজের মধ্যে ১৩টির কাজ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ০৪টি প্যাকেজের কাজ চলমান রয়েছে যা নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তকরণেরে লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, রাস্তা নির্মাণসহ অন্যান্য উন্নয়ন কার্যক্রম করার সময় বিনা প্রয়োজনে পাহাড় কাটা যাবে না এবং প্রকল্পের প্রয়োজনে মাটি ভরাটের কাজ থাকলে ডিপিপি-তে উল্লেখপূর্বক অন্য জায়গা থেকে তা সংস্থান করতে হবে। তিনি আরো বলেন রাস্তা তৈরির পূর্বের অবস্থা এবং রাস্তা তৈরির পরবর্তী অবস্থার ছবি ও ভিডিও সংরক্ষণ করতে হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) অনুমোদিত মেয়াদের প্রকল্প সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং বরাদ্দ নিশ্চিতের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

৪.১) প্রকল্পের অনুমোদিত মেয়াদের মধ্যেই প্রকল্প সমাপ্তকরণের লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে;

Scanned with CamScanner CamScanner

৪.২) নির্ধারিত মেয়াদে প্রকল্পটি সমাপ্তকরণের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৪.৩) ২০২৩-২০২৪ অর্থবছরে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

৪.৪) রাস্তা নির্মাণসহ অন্যান্য উন্নয়ন কার্যক্রম করার সময় বিনা প্রয়োজনে পাহাড় কাটা যাবে না এবং প্রকল্পের প্রয়োজনে মাটি ভরাটের কাজ থাকলে ডিপিপি-তে উল্লেখপূর্বক অন্য জায়গা থেকে তা সংস্থান এবং রাস্তা তৈরির পূর্বের অবস্থা এবং রাস্তা তৈরির পরবর্তী অবস্থার ছবি ও ভিডিও সংরক্ষণ করতে হবে; এবং

৪.৬) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২৪-২৫ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদিত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন বাজেট/প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে এবং পরিকল্পনা-২ শাখায় অনুলিপি প্রদান করতে হবে।

০৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এ কে এম শামিমুল হক ছিদ্দিকী)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

স্বাক্ষরিত/-
২৫/০৯/২০২৪খ্রি:
(এ কে এম শামিমুল হক ছিদ্দিকী)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২২৬.১৪.৮৩৫.১৯-১১৯

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ / ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ

১) সদস্য, কার্যক্রম বিভাগ এর দপ্তর, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ এর দপ্তর, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এর দপ্তর, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৫) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) যুগ্ম সচিব, উন্নয়ন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
১০) যুগ্ম-প্রধান, একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১১) উপসচিব (পরিকল্পনা-২)/(প্রশাসন-১)/(বাজেট/প্রশাসন-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, উপদেষ্টা মহোদয়ের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪) প্রকল্প পরিচালক, 'বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলা সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ (২য় সংশোধনী)' শীর্ষক প্রকল্প, বান্দরবান।
১৫। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬) সমন্বয় কর্মকর্তা, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।

৩০/০৯/২৪

(জেসমিন আক্তার)
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৭১১৮
ই-মেইল: dsplanning2@mochta.gov.bd

Scanned with CamScanner